



“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, রংপুর
মোহনা হাউজিং (২য় তলা), আর.কে. রোড, রংপুর-৫৪০০
www.cooperative.rangpur.gov.bd



নম্বর: ৪৭.৬১.৮৫০০.০০০.১৪.০০৮.১৯.৮৯২

১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আবর্তক সম্পদ সহায়তা তহবিল পরিচালনার নিমিত্ত কৃত্রিম প্রজননকারী/এলএফএআই পদে লোক নিয়োগ প্রসঙ্গে।

রংপুর জেলার গংগাচড়া উপজেলায় “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আবর্তক সম্পদ সহায়তা তহবিল পরিচালনার নিমিত্ত কৃত্রিম প্রজননকারী/এলএফএআই পদে লোক নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে রংপুর জেলার গংগাচড়া উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জেলা সমবায় কার্যালয়, রংপুর কর্তৃক নির্ধারিত ফরমে স্ব-হস্তে স্বাক্ষরিত আবেদনপত্র আহ্বান করা হলো:

পদের নাম	উপজেলার নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	সর্বসাকুল্যে বেতন
কৃত্রিম প্রজননকারী/ এলএফএআই	গংগাচড়া	০১ (এক) টি	যে কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে ন্যূনতম এইচএসসি অথবা সমমান পাশ হতে হবে এবং কৃত্রিম প্রজননকারী হিসেবে প্রশিক্ষণের সনদ থাকতে হবে।	১৫,০০০/- (গনেরো হাজার টাকা মাত্র)


শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীকে নির্ধারিত চাকরির আবেদন ফরম পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা সমবায় কার্যালয়, রংপুর-এর ওয়েবসাইট (www.cooperative.rangpur.gov.bd) হতে সংগ্রহ করা যাবে। পাশাপাশি জেলা সমবায় কার্যালয়, রংপুর ও উপজেলা সমবায় কার্যালয়, গংগাচড়া, রংপুর হতেও সংগ্রহ করা যাবে।
- আবেদনের শেষ তারিখ: ১২/১০/২০২৩খ্রি। আবেদনকারীকে অবশ্যই ১২/১০/২০২৩খ্রি. তারিখের মধ্যে পরীক্ষার ফি পরিশোধপূর্বক আবেদনপত্র উপজেলা সমবায় কার্যালয়, গংগাচড়া, রংপুর বরাবর সরাসরি জমা দিতে হবে। প্রার্থীকে খামের উপর অবশ্যই প্রার্থী পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনের নির্ধারিত স্থানে লাগাতে হবে। ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে। সকল শিক্ষা সনদের অনুলিপি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা এর চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, চারিত্রিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র এর অনুলিপি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
- পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ০১৭১৭৪৪৯৮৫৬ নম্বরে বিকাশে সেন্ড মানি করে ট্রানজেকশন আইডি নম্বর আবেদনপত্রে উল্লেখ করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই রংপুর জেলার গংগাচড়া উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং প্রার্থীর বয়স ১২/১০/২০২৩খ্রি. তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর উল্লেখিত কোনো তথ্য যে কোনো পর্যায়ে ভুল ও অসত্য প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত কৃত্রিম প্রজননকারী/এলএফএআই এর ক্ষেত্রে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নির্ধারিত পদ্ধতিতে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে।
- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিক হবে। ঋণের সার্ভিস চার্জ আদায় হতে কর্মীগণ বেতনভাতা প্রাপ্য হবেন। নিয়োগকৃত কর্মীর কাজ সন্তোষজনক না হলে

তাকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হবে।

১০। কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন যে কোনো অতিরিক্ত শর্ত সংযোজন করতে বা যে কোনো শর্ত পরিবর্তন করতে পারবেন এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: ২ প্রস্থ সংযুক্ত।



০৩-১০-২০২৩

মো. আব্দুস সবুর
জেলা সমবায় কর্মকর্তা

০২৫৮৯৯৬২৭০২

dco.rangpur@coop.gov.bd

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর;
- ২। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর;
- ৩। যুগ্ম-নিবন্ধক (মাঃ ক্রেঃ গৃঃ মওবি দল), সমবায় অধিদপ্তর, ঢাকা এবং
- ৪। জেলা প্রশাসক, রংপুর।

